



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা

controller@rajshahieducationboard.gov.bd

বিজ্ঞপ্তি নম্বর- রাশিবো/উমা/পনি-২৪৬

তারিখ : ২৬ নভেম্বর ২০২৩

বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর আওতাধীন সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এইচএসসি পরীক্ষা ২০২৩ এর উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য “টেলিটক বাংলাদেশ লিমিটেড” এর SMS করার পদ্ধতি নিম্নরূপ : (২৭/১১/২০২৩ থেকে ০৩/১২/২০২৩ পর্যন্ত) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে উত্তরপত্র পুনঃনিরীক্ষণের আবেদন করা যাবে। মোবাইল Message অপশনে গিয়ে RSC লিখে <Space> দিয়ে RAJ লিখে <Space> দিয়ে রোল নম্বর লিখে আবার <Space> দিয়ে Subject Code লিখে SMS করুন 16222 নম্বরে। এক্ষেত্রে প্রতি পত্রের জন্য ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা হারে ফি প্রযোজ্য হবে। ফিরতি SMS-এ একটি PIN Number প্রদান করা হবে। তারপর Message অপশনে গিয়ে RSC লিখে <Space> দিয়ে YES লিখে <Space> দিয়ে PIN Number <Space> দিয়ে যোগাযোগ মোবাইল নম্বর লিখে SMS করুন 16222 নম্বরে। যেমন- বাংলার জন্য 101, 102, অর্থাৎ বাংলা ও ইংরেজির জন্য 101, 102, 107, 108। একই SMS- এর মাধ্যমে একাধিক পত্র আবেদন করা যাবে। এ ক্ষেত্রে Subject Code পর্যায়ক্রমে কমা (,) দিয়ে লিখতে হবে।

যেমন :- RSC RAJ 100001 101,102 লিখে Send to 16222 এবং ফিরতি SMS-এ RSC YES PIN 01792902908 লিখে Send to 16222।

প্রফেসর মো. আরিফুল ইসলাম

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

☎ ০২৫৮৮৮৫৬২৩১

স্মারক নম্বর- রাশিবো/উমা/১-৩য়(৪র্থ খন্ড)/পনি-১২৯(১৪)

তারিখ : ২৬ নভেম্বর ২০২৩

অনুলিপি অবগতি ও কার্যার্থে

- ১-৪. সচিব/কলেজ পরিদর্শক/বিদ্যালয় পরিদর্শক/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), রাজশাহী শিক্ষা বোর্ড
- ৫-৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট(চলতি দায়িত্ব)/প্রধান মূল্যায়ন অফিসার/উপ-সচিব(প্রশাসন), রাজশাহী শিক্ষা বোর্ড
৮. রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা। (কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানে বিজ্ঞপ্তিটি বিলি করার জন্য অনুরোধ করা হল)
৯. রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মহাবিদ্যালয়ের ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ
১০. জি.এম.(মার্কেটিং), টেলিটক বাংলাদেশ লিমিটেড, গোল্ডেন এজ, গুলশান-২, ঢাকা-১২০০
১১. নিরাপত্তা অফিসার, রাজশাহী শিক্ষা বোর্ড
১২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাজশাহী শিক্ষা বোর্ড
১৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্ক্রিপ্ট শাখা, রাজশাহী শিক্ষা বোর্ড
১৪. অফিস নথি